



# চট্টগ্রাম সিটি কর্পোরেশন

## জনসংযোগ শাখা

### প্রেস বিজ্ঞপ্তি

০১ মার্চ ২০১৭ খ্রি .

#### ভারতে ৬ দিনের ব্যক্তিগত সফর শেষে

#### ০১ মার্চ সন্ধ্যায় চট্টগ্রাম ফিরলেন মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন গত ২৪ ফেব্রুয়ারি ২০১৭ খ্রি. থেকে ০১ মার্চ ২০১৭ খ্রি. পর্যন্ত ভারতের চেন্নাই-এ ব্যক্তিগত সফর শেষে ০১ মার্চ ২০১৭ খ্রি. ঢাকা হজরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দর হয়ে সন্ধ্যা ৬ টায় ইউএস বাংলা যোগে চট্টগ্রাম শাহআমানত আন্তর্জাতিক বিমান বন্দর এসে পৌঁছেন। বিমান বন্দরে মেয়রকে স্বাগত জানান ভারপ্রাপ্ত মেয়র প্যানেল মেয়র-১ চৌধুরী হাসান মাহমুদ হাসনী, কাউন্সিলর ও রাজনৈতিক নেতৃবৃন্দ সহ অন্যান্যরা।

০১ মার্চ ২০১৭ খ্রি .

#### চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের সাথে বৈঠক করলেন ভারপ্রাপ্ত মেয়র

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ভারপ্রাপ্ত মেয়র চৌধুরী হাসান মাহমুদ হাসনী ০১ মার্চ ২০১৭ খ্রি. বুধবার, দুপুরে, চসিক কে বি আবদুচ ছতার মিলনায়তনে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের কাউন্সিলরদের সাথে বৈঠক করেন। বৈঠকে ভারপ্রাপ্ত মেয়র বলেন, কাউন্সিলরদের আন্তরিকতা, সততা ও দায়বদ্ধতার উপর নাগরিক সেবার সফলতা অনেকাংশে নির্ভর করে। তিনি স্বচ্ছতা ও জবাবদিহিতার মাধ্যমে সকলকে স্ব স্ব দায়িত্ব পালন করার অনুরোধ করেন। ভারপ্রাপ্ত মেয়র সকলকে দায়দায়িত্ব নিয়ে একে অপরের পরামর্শ ও সহযোগিতার মাধ্যমে নাগরিক সেবা কার্যক্রম গতিশীল করার আহবান জানান। তিনি বলেন, সিটি মেয়র আলহাজ্ব আ জ ম নাছির উদ্দীনের ক্লিন ও গ্রিন সিটির ভিশন বাস্তবায়নে নগরীর ৪১ টি ওয়ার্ডে কাউন্সিলরদের দায়িত্বশীল ভূমিকা পালন করতে হবে। তিনি বর্জ্য অপসারণ কার্যক্রম সফলভাবে বাস্তবায়নের জন্য নগরবাসীর সর্বাত্মক সহযোগিতা কামনা করেন। বৈঠকে কাউন্সিলর সাইয়েদ গোলাম হায়দার মিন্টু, এ এফ কবির আহমেদ মানিক, মো. গিয়াস উদ্দিন, হাজী নূরুল হক, কফিল উদ্দিন, মো. আজম, নাজমুল হক ডিউক, শৈবাল দাশ সুমন, সাবের আহমদ সওদাগর, সলিম উল্লাহ বাস্তু, এয়াছিন চৌধুরী আশু, মো. শফিউল আলম, সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলর জেসমিন পারভিন জেসি, আবিদা আজাদ, আঞ্জুমান আরা বেগম ও মনোয়ারা বেগম মনি সহ কাউন্সিলর ও সংরক্ষিত ওয়ার্ড কাউন্সিলরবৃন্দ উপস্থিত ছিলেন।

#### সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা